# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

## ১৪ সেপ্টেম্বর ২০২২ (বুধবার)
## [সময়কালঃ ১৪.০৯.২০২২-১৮.০৯.২০২২]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

# <u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

<u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

**করোনা ভাইরাস (কোভিড-19) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**
সুস্পষ্ট লঘুচাপটি মধ্যপ্রদেশের মধ্যাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় বিরাজমান রয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় গভীর সঞ্চারণশীল মেঘমালার সৃষ্টি অব্যাহত রয়েছে। মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র প্রবল অবস্থায় রয়েছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।
**মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের অধিকাংশ জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।**

এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

আমন ধান:

- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন এবং প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- হলুদ মাজরা পোকার আক্রমণ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য প্রতি হেক্টরে ১০ কেজি হারে কার্বোফুরান স্প্রে করুন।
- হালকা বা মাঝারি বৃষ্টিপাতের পানি যেন বের হয়ে যেতে না পারে সেজন্য শক্ত করে জমির আইল তৈরি করুন।
- চারা খুব গভীরে রোপণ করবেন না। কোন চারা নষ্ট হলে এক সপ্তাহের মধ্যে সেখানে নতুন চারা লাগান।
- জমি আগাছামুক্ত রাখুন। চারা রোপণের ১-৩ দিনের মধ্য অনুমোদিত আগাছানাশক প্রয়োগ করুন।
- চারা রোপণের ১৫-২০ দিন পর এক তৃতীয়াংশ নাইট্রোজেন সার উপরিপ্রয়োগ করুন।
- পামরী পোকার আক্রমণ দেখা দিলে যথাযথ ব্যবস্থা নিন।
- সর্বোচ্চ কুশি পর্যায়ে লীফ রোলার, সবুজ পাতা ফড়িং, ব্লাস্ট, ব্যাকটেরিয়াল ব্লাইট, উফরা, খোল পোড়া, পাতা পোড়াসহ বিভিন্ন রোগবালাই দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

ভুট্টা:

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- রৌদ্রজ্জ্বল দিনে পরিপক্ক ফসল সংগ্রহ করুন। ফসল পরিপক্ক অবস্থায় পাখির আক্রমণ প্রতিহত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
- ফল আর্মি ওয়ার্ম এর আক্রমণ দেখা দিতে পারে। ডিমের স্তুপ ও ক্যাটারপিলার হাত দিয়ে ধ্বংস করুন। পর্যবেক্ষণের জন্য ফেরোমন ফাঁদ ব্যবহার করা যেতে পারে। আক্রমণ বেশি হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

সবজি:

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- আগাম শীতকালীন সবজি চাষের জন্য বীজতলা তৈরি করুন।
- বর্ষাকালে চারার ক্ষতি থেকে রক্ষার জন্য যথাযথ ব্যবস্থা নিন।
- আগাছা নিধন ও অন্যান্য আন্ত:পরিচর্যা করুন।
- ফলের মাছি পোকা, লাল কুমড়া বিটল, এপিলাকনা বিটল এর আক্রমণ হলে প্রতি লিটার পানিতে ১ মিলি ম্যালাথিয়ন ৫০ ইসি মিশিয়ে প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

উদ্যান ফসল:

- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।
- আম বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- ডালিমের পাতা পোড়া বা লেবুর লিফ মাইনর প্রভৃতি রোগের জন্য উদ্যান ফসলে বালাই ব্যবস্থাপনা করতে হবে।
- পেয়ারা বাগানের জন্য গর্তের মাটি নিয়ে ২০-২৫ কেজি গোবর এবং ৫০ গ্রাম হেপ্টাক্লোর মিশিয়ে পুনরায় গর্ত ভরাট করুন। আম, আমলকি, জাম বাগানের জন্য গর্তের মাটি নিয়ে ৩০ কেজি গোবর, ২৫০ গ্রাম এসএসপি এবং ৫০-১০০ গ্রাম হেপ্টাক্লোর মিশিয়ে পুনরায় গর্ত ভরাট করুন।
- আম, পেয়ারা ও নারকেল লাগানোর জন্য গর্ত তৈরি করুন।
- কলা গাছ লাগান এবং বাগানে আন্ত:পরিচর্যা করুন।
- ঝোড়ো হাওয়ার কারণে ঢলে পড়া থেকে রক্ষার জন্য কলাগাছে খুঁটির ব্যবস্থা করুন।
- কলায় সিগাটোকা রোগের আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ মিলি প্রোপিকোনাজল মিশিয়ে পাতার দুইপাশে স্প্রে করুন।
- পেঁপের ছাতরা পোকার আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

আখ:

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- প্রয়োজন অনুযায়ী আন্ত পরিচর্যা করুন।
- রেড রট রোগ থেকে বাঁচার জন্য জমিতে পানি জমতে দেবেন না এবং আক্রান্ত আখ তুলে ফেলুন।
- টপ শুট বোরার নিয়ন্ত্রণের জন্য বালাই ব্যবস্থাপনা করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

হলুদ:

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- উচ্চ আপেক্ষিক আর্দ্রতায় হলুদের পাতায় দাগ রোগ দেখা দিলে বৃষ্টিপাতের পর হেক্টর প্রতি ১ কেজি হারে ম্যানকোজেব প্রয়োগ করুন।
- রাইজোম পচা রোগ হলে আক্রান্ত জায়গায় প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে 0.3% ম্যানকোজেব ৭৫ ডব্লিউপি প্রয়োগ করুন।
- জমি সুনিষ্কাশিত রাখুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

তুলা:

- তুলা বপন করুন।
- আর্দ্র আবহাওয়ায় রোগবালাই এর আক্রমণ বেড়ে যেতে পারে। সঠিক অবস্থা জানার জন্য নির্দিষ্ট ফেরোমন ফাঁদ স্থাপন করুন। আক্রমণ বেশি হলে বৃষ্টিপাতের পর অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

পান:

- ঝোড়ো হাওয়ায় যেন ভেঙে না যায় সেজন্য পানের বরজে শক্ত করে বেড়া দিন।
- নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন এবং বরজের ভেতরে মুক্ত বায়ু চলাচলের ব্যবস্থা করুন।
- জমিতে কাটিং লাগানোর জন্য রোগমুক্ত কাটিং নির্বাচন করতে হবে এবং লাগানোর আগে ০.৫% বর্দো মিক্সচার ও ৫০০ পিপিএম স্ট্রেপ্টোসাইক্লিন দিয়ে আধ ঘণ্টা শোধন করে নিতে হবে। লাগানোর আগে মাটিতে ম্যানকোজেব ৭৫ ডব্লিউপি (প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম হারে) প্রয়োগ করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

গবাদি পশু:

- গবাদি পশুর খুরা রোগ দেখা দিলে-
  - শুধুমাত্র শুকনো খাবার খাওয়ান
  - গোয়ালঘর পরিষ্কার পরিচ্ছন্ন ও শুকনো রাখুন
  - গোয়ালঘরে জীবাণুনাশক যেমন ব্লিচিং পাউডার ব্যবহার করুন
  - পানিতে নিমজ্জিত মাঠে গবাদি পশুকে যেতে দেওয়া যাবে না
  - মুখে ও পায়ে ক্ষত দেখা দিলে ক্ষতের জায়গাটি পটাশিয়াম পার ম্যাঙ্গানেট দ্রবণ দিয়ে ধুয়ে দিন
- গবাদি পশুকে নিয়মিত টীকা প্রদান করুন।
- যে কোন রোগের লক্ষণ দেখা দিলে যথাযথ চিকিৎসার জন্য দ্রুত পশু চিকিৎসকের পরামর্শ নিন।

হাঁসমুরগী:

- খোয়াড়ে জীবাণুনাশক স্প্রে করে তারপর হাঁসমুরগী রাখুন।
- চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।
- শুকনো খাবার খেতে দিন এবং পরিষ্কার পানি পান করান।
- বর্তমান আবহাওয়ায় হাঁসমুরগীর অন্ত্রের পরজীবীর আক্রমণ হতে পারে। সেজন্য খোয়াড় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা গুরুত্বপূর্ণ।

মৎস্য:

- পুকুরের চারধার মেরামত করে দিন যেন মাছ পুকুরের বাইরে বের হয়ে যেতে না পারে।
- পুকুর থেকে অতিরিক্ত পানি বের করে দিন।
- যথেষ্ট পানি আছে, কাজেই পুকুরে মাছের পোনা ছাড়ুন।
- পোনা ছাড়ার আগে অপ্রয়োজনীয় মাছ বের করে নিন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

## দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১৪ সেপ্টেম্বর ২০২২, সকল ০৬ টা পর্যন্ত) এবং ১৩ সেপ্টেম্বর ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১৪ সেপ্টেম্বর ২০২২ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ৫৩ | ২৬.৫ | ২৪.০ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ৯৩ | ২৭.৫ | ২৪.২ |
| | টাঙ্গাইল | ৯৮ | ২৬.৫ | ২৪.৪ | | সন্দ্বীপ | ৮৯ | ২৭.৫ | ২৪.১ |
| | ফরিদপুর | ৬০ | ২৬.০ | ২৪.৫ | | সীতাকুন্ড | ৯৭ | ২৮.০ | ২৪.০ |
| | মাদারীপুর | ৬১ | ২৭.৫ | ২৪.৮ | | রাঙ্গামাটি | ১৬ | ৩০.৫ | ২৪.৪ |
| | গোপালগঞ্জ | ৫৮ | ২৮.০ | ২৫.৪ | | কুমিল্লা | ২৫ | ২৭.৪ | ২৫.০ |
| | নিক্লি | ৩৭ | ২৮.৬ | ২৪.৫ | | চাঁদপুর | ৬১ | ২৫.৭ | ২৫.২ |
| | | | | | | মাইজদীকোর্ট | ৬৬ | ২৫.৮ | ২৪.৫ |
| রাজশাহী | রাজশাহী | ১৪ | ২৮.১ | ২৫.২ | | ফেনী | ৪১ | ২৭.০ | ২৪.৬ |
| | ঈশ্বরদী | ৬৫ | ২৬.৬ | ২৪.৮ | | হাতিয়া | ১২০ | ২৬.০ | ২৩.৮ |
| | বগুড়া | ১১৭ | ২৬.০ | ২৪.৭ | | কক্সবাজার | ৬২ | ২৮.৫ | ২৪.৫ |
| | বদলগাছী | ৮৯ | ২৭.০ | ২৫.০ | | কুতুবদিয়া | ৫৭ | ২৯.৫ | ২৪.৪ |
| | তাড়াশ | ৫৯ | ২৬.৩ | ২৪.৯ | | টেকনাফ | ৪৯ | ২৮.৬ | ২৪.৭ |
| রংপুর | রংপুর | ১০ | ২৮.০ | ২৪.৮ | খুলনা | খুলনা | ৪৯ | ২৬.৫ | ২৪.৮ |
| | দিনাজপুর | ০৬ | ২৭.৩ | ২৪.৭ | | মংলা | ৩৩ | ২৭.০ | ২৫.৪ |
| | সৈয়দপুর | ১২ | ৩০.০ | ২৫.০ | | সাতক্ষীরা | ৩০ | ২৭.০ | ২৫.০ |
| | তেঁতুলিয়া | ৩৫ | ২৯.২ | ২৪.৩ | | যশোর | ২১ | ২৮.৪ | ২৪.২ |
| | ডিমলা | ৫৩ | ২৯.৩ | ২৪.৭ | | চুয়াডাঙ্গা | ১২১ | ২৮.০ | ২৫.৬ |
| | রাজারহাট | ২৮ | ২৮.৫ | ২৩.৮ | | কুমারখালী | ৭১ | ২৬.৩ | ২৪.৫ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ৪২ | ২৮.৭ | ২৪.৫ | বরিশাল | বরিশাল | ৫৪ | ২৬.২ | ২৪.৭ |
| | নেত্রকোনা | ৫৭ | ২৮.৯ | ২৪.৫ | | পটুয়াখালী | ৬২ | ২৬.২ | ২৪.৭ |
| | | | | | | খেপুপাড়া | ৮৮ | ২৮.৩ | ২৪.৪ |
| সিলেট | সিলেট | ৩৭ | ২৯.৮ | ২৪.৭ | | ভোলা | ৮৭ | ২৬.০ | ২৪.৬ |
| | শ্রীমঙ্গল | ২০ | ৩১.৩ | ২৪.৬ | | | | | |

### প্রধান বৈশিষ্ট সমূহ:


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৩.৯১ ঘন্টা ছিল।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.০৪ মি: মি: ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:


**পূর্বাভাস:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারি থেকে অতিভারি বর্ষণ হতে পারে।


**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (১৩ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:





Minimum Temperature (°C)
(07/09/2022 - 13/09/2022)
(°C)
25 26 27 28
Anomaly Minimum Temperature (°C)
(07/09/2022 - 13/09/2022)
(°C)
-1 0 1
Diurnal Temperature (°C)
(07/09/2022 - 13/09/2022)
(°C)
0 2 4 6 8
Anomaly Diurnal Temperature (°C)
(07/09/2022 - 13/09/2022)
(°C)
-1 0 1 2


Maximum Humidity (%)
(07/09/2022 - 13/09/2022)
88 91 94 97 100
(%)


Minimum Humidity (%)
(07/09/2022 - 13/09/2022)
35 44 53 62 69
(%)


Wind Speed (knots)
(07/09/2022 - 13/09/2022)
0 2 4 6
(knots)


Cloud Amount (Octa)
(07/09/2022 - 13/09/2022)
5 6 7 8
(Octa)

## আবহাওয়ার পূর্বাভাস:


## আবহাওয়ার পূর্বাভাস ০৮/০৯/২০২২ হতে ১৪/০৯/২০২২ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৩.০০ থেকে ৫.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মি.মি. থেকে ৪.০০ মি.মি. থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে (২৬%-৫০% এলাকা) এবং ঢাকা, রাজশাহী, রংপুর ময়মনসিংহ ও সিলেট বিভাগের দুই এক স্থানে (১%-২৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ স্থানে (৭৬%-১০০% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন) থেকে অতি ভারী (৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে; ঢাকা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের অনেক স্থানে (৫১%-৭৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) থেকে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের প্রথমার্ধে সারা দেশের দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দ্বিতীয়ার্ধে (২-৩° সে.) কমতে পারে।


**আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (১৪ সেপ্টেম্বর হতে ১৮ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত)**



Accumulated Rainfall (mm)
(14/09/2022 - 18/09/2022)
No Rain/Trace 1 50 100 157
(mm)



Maximum Temperature (°C)
(14/09/2022 - 18/09/2022)
29 30 31 32 33
(°C)


Minimum Temperature (°C)
(14/09/2022 - 18/09/2022)
23 24 25 26 27
(°C)


Maximum Humidity (%)
(14/09/2022 - 18/09/2022)
88 91 94 97 100
(%)



Minimum Humidity (%)
(14/09/2022 - 18/09/2022)
(%)
68 74 80 86 91


Diurnal Temperature (°C)
(14/09/2022 - 18/09/2022)
(°C)
5 7 9 11



Wind Speed (knots)
(14/09/2022 - 18/09/2022)
(knots)
3 4 5 6 7



## Different Satellite Products over Bangladesh

NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 36 (03 September-09 September) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 36 (03 September-09 September) over Agricultural regions of Bangladesh



| | |
|---|---|
| NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 36 (03 September-09 September) over Agricultural regions of Bangladesh<br> | NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 36 (03 September-09 September) over Agricultural regions of Bangladesh<br> |